সংবাদ

তারিখ 03 APR 2016
পৃষ্ঠা 2 কলাম

# অ্যাপবাজারের উদ্যোগে মেধাবী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান



সুনামগঞ্জের ধর্মপাশায় সেলবরষ ইউনিয়নের জিপিএ-৫ প্রাপ্ত পাঁচজন মেধাবী শিক্ষার্থীকে এককালীন বৃত্তি প্রদান করেছে অ্যাপবাজার। গত ২৬ মার্চ সৈয়দপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সাবেক সভাপতি আবু তাহের আহমদ। এতে প্রধান অতিথি ছিলেন অ্যাপবাজারের প্রধান নির্বাহী শফিউল আলম বিপ্লব ও বিশেষ অতিথি ছিলেন সিটি ব্যাংক লিমিটেডের কর্মকর্তা রিয়াজ শিকদার। অনুষ্ঠানে উপজেলার সেলবরষ ইউনিয়নের সৈয়দপুর ও গাবী সরকারি প্রাথমিক বিদ্যালয় থেকে গত বছর প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে জিপিএ-৫ প্রাপ্ত পাঁচজন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়। অ্যাপবাজার মূলত অ্যান্ড্রয়েড অ্যাপ্লিকেশন বিকিকিনির একটি দেশীয় প্লাটফর্ম। অ্যাপবাজারের অ্যাপসটি ডাউনলোড করতে যেতে হবে এই ঠিকানায় www.appbajar.com। সংবাদ বিজ্ঞপ্তি।